

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮৬

আগরতলা, ২২ মে, ২০২৪

বিগ্ন কুমার পাড়ায় স্বাস্থ্য শিবির

ধলাই জেলার বিগ্ন কুমার পাড়া ও চান কুমার পাড়ায় গতকাল স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। আমবাসা স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন কাঠালবাড়ি ও বলরাম হেলথ এন্ড ওয়েলনেস সেন্টারের উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। বিগ্ন কুমার পাড়ায় স্বাস্থ্য শিবিরে ১১ জনের চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে এবং তাদের ম্যালেরিয়া সনাক্তকরণে রক্তের নমুনা সংগ্রহ করা হয়েছে। চান কুমার পাড়ায় স্বাস্থ্য শিবিরে ৩২ জনের চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। তাছাড়াও প্রত্যেকের ম্যালেরিয়া সনাক্তকরণের জন্য রক্তের নমুনা সংগ্রহ করা হয়েছে। শিবির দুটিতে উপস্থিত ছিলেন ডা. কমল হালাম এবং স্বাস্থ্যকর্মী ও আশা কর্মীগণ। শিবিরে স্বাস্থ্যকর্মীগণ স্বাস্থ্য সচেতনতা নিয়ে আলোচনা করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
